**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 27-02-2026** **Desk in Charge : S. D. G.**
**Time : 7.35 A.M.** **Compiling : Sudip Basu**
**DEO: KB** **NRT : Sudip Basu**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ–

বিশেষ বিশেষ খবর –

১) সুপ্রিম কোর্টের নির্দেশ মতো রাজ্যে অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকা, আগামীকাল প্রকাশিত হবে। #SIR প্রক্রিয়ায় বিচার বিভাগ যে সব ভোটারের নথি ও তথ্য যাচাই করবে, তাদের নামও অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকায় পৃথকভাবে উল্লেখ করা থাকবে।

২) SIR-এর কাজে ভিন রাজ্যের প্রায় ২০০ জন বিচারবিভাগীয় আধিকারিককে নিয়োগ করা হতে পারে বলে কমিশন সূত্রে খবর।

৩/ রাজ্যে ক্ষমতায় এলে বিজেপি, সীমান্ত সিল করে দেওয়ার পাশাপাশি অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে দেশ থেকে বিতারণ করবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ মন্তব্য করেছেন। # দলের পরিবর্তন যাত্রা সভায় যোগ দিতে আগামী পয়লা মার্চ, রাজ্যে আসছেন তিনি।

৪/ বেলডাঙ্গায় অশান্তির ঘটনায় NIA তদন্তে স্থগিতাদেশ চেয়ে রাজ্যের আবেদন, খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫/ সুপ্রিম কোর্টের নির্দেশ মতো রাজ্য সরকার অবিলম্বে ডি-এ না মেটালে, বড়সড় আন্দোলনের হুশিয়ারি সরকারি কর্মচারীদের একাধিক সংগঠনের। # ১৩'ই মার্চ রাজ্য জুড়ে ধর্মঘটের ডাক।

৬/ স্কুল শিক্ষা ব্যবস্থাকে উন্নত মানের করে তুলতে বিভিন্ন জেলায় ৪৩০ টি দ্বিভাষিক মডেল স্কুল তৈরীর সিদ্ধান্তে অনুমোদন দিয়েছে রাজ্য মন্ত্রিসভা।

*********************************************************************

সুপ্রিম কোর্টের নির্দেশে SIR প্রক্রিয়ায় যেসব ভোটারের নথি ও তথ্য যাচাইয়ের ভার বিচার বিভাগের উপর বর্তেছে তাদের নামও অসম্পূর্ণ চূড়ান্ত ভোটার তালিকায় থাকবে। যাঁদের নথি বিচারাধীন তাঁদের নাম পৃথকভাবে উল্লেখ করেই আগামীকাল ২৮শে ফেব্রুয়ারী ঐ তালিকা প্রকাশ করা হবে।

কমিশন সূত্রে জানা গিয়েছে, SIR প্রক্রিয়ার শুরুতে রাজ্যে ভোটারের সংখ্যা ছিল ৭ কোটি ৬৬ লক্ষের বেশি। সেখান থেকে প্রায় ৫৮ লক্ষ মৃত, স্থানান্তরিত, নিখোঁজ এবং ভুয়ো ভোটারেদের নাম খসরা তালিকাতেই বাদ পড়েছে। খসড়া তালিকায় থাকা এই ৭ কোটি ৮ লক্ষ ভোটারের নামই চূড়ান্ত তালিকায় থাকবে। তবে এই তালিকা বিভিন্ন বিভাগে ভাগ করা হবে। যাঁদের আবেদন অনুমোদিত হয়েছে, তাঁদের নাম স্বাভাবিকভাবেই থাকবে। যাঁদের নাম বাদ যাচ্ছে, তাঁদের নামের পাশে 'ডিলিট' শব্দটি উল্লেখ থাকবে। আর যাঁদের নথি বিচারাধীন, অর্থাৎ প্রায় ৬০ লক্ষ ভোটারের যে কাগজপত্র জুডিশিয়াল অফিসাররা যাচাই করছেন, তাঁদের নামের পাশে 'অ্যাজুডিকেশন' শব্দবন্ধ উল্লেখ করা হবে বলে জানিয়েছেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল।

( বাইট-    )

এছাড়া, নতুন ভোটার হিসেবে যাঁরা যুক্ত হচ্ছেন, তাঁদের নাম একটি আলাদা সম্পূরক তালিকা হিসেবে মূল তালিকার সঙ্গে থাকবে।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি চূড়ান্ত ভোটার তালিকা থেকে ১ কোটি ২০ লক্ষ নাম বাদ যাওয়ার যে আশঙ্কা প্রকাশ করেছেন, নির্বাচন কমিশন তা' খারিজ করে দিয়েছে। এ প্রসঙ্গে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল স্পষ্ট জানান, এই মুহূর্তে ঐ বিষয়ে কোনও সুনির্দিষ্ট সংখ্যা তাঁর কাছে নেই। ৬০ লক্ষ নাম বাদ দিয়ে তালিকা প্রকাশিত হবে কি না, সে প্রশ্নে তিনি বলেন, সুপ্রিম কোর্ট যে অ্যাজুডিকেশন সংক্রান্ত নির্দেশ দিয়েছে, তা মেনেই তালিকা প্রকাশ করা হবে। ২৮ ফেব্রুয়ারি চূড়ান্ত তালিকা প্রকাশের পর, নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি না হওয়া পর্যন্ত যে সব মামলা নিষ্পত্তি হয়ে যাবে এবং যাঁদের নাম অনুমোদিত হবে, তাঁরা চূড়ান্ত তালিকার অংশ হিসেবেই গণ্য হবেন। যাঁদের ক্ষেত্রে নিষ্পত্তি হবে না, তাঁদের নামের পাশে 'অ্যাডজুডিকেশন' বা 'ডিলিটেড' উল্লেখ থাকবে।

**************************

সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্যের SIR প্রক্রিয়ায় প্রতিবেশী রাজ্য থেকে দুশোর কাছাকাছি বিচার বিভাগীয় আধিকারিককে নিয়োগ করা হতে পারে বলে কমিশন সূত্রে জানা গেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন যে, মোট ৫৩০ জন জুডিশিয়াল অফিসারকে এই প্রক্রিয়ায় নিযুক্ত করা হয়েছে। তাঁদের মধ্যে প্রায় ২৭০ থেকে ২৮০ জন ইতিমধ্যেই কাজ শুরু করেছেন। বাকিদের জন্য ওটিপি এবং ড্যাশবোর্ড তৈরির প্রক্রিয়া চলছে, শীঘ্রই তাঁরাও কাজে যোগ দেবেন। কমিশন নিযুক্ত রোল অবজার্ভার সুব্রত গুপ্ত বলেছেন, কমিশন বিচারবিভাগকে সহায়তা করছে।

( বাইট- সুব্রত গুপ্ত )

এদিকে বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিকদের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল গতকাল ফের বৈঠকে বসেন। হাইকোর্টে প্রধান বিচারপতির দফতরে এই বৈঠকে উপস্থিত ছিলেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, রাজ্যের মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব, রাজ্য পুলিশের ডিজি, কলকাতার পুলিশ কমিশনার এবং নির্বাচন কমিশনের প্রতিনিধি। সুপ্রিম কোর্টের নির্দেশের পর এ নিয়ে তৃতীয়বার বৈঠক হল।

***************************

২৮ শে ফেব্রুয়ারী চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ হওয়ার পর যাতে কোথাও অশান্তি না ছড়ায়, সেদিকে নজর রেখে কেন্দ্রীয় বাহিনী নিয়ে আসা হয়েছে বলে, বিজেপি দাবী করেছে। গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে রাজ্য বিজেপির মুখপাত্র দেবজিৎ সরকার একথা বলেন।

( বাইট- দেবজিৎ )

***************************

কেন্দ্রীয় সরকার, অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে, তাদের দেশ থেকে বের করে দিতে কাজ করছে বলে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা অন্যতম শীর্ষ বিজেপি নেতা অমিত শাহ মন্তব্য করেছেন। গতকাল বিহারে একটি অনুষ্ঠানে যোগ দিয়ে ভাষণে তিনি বলেন, সীমান্তবর্তী এলাকাগুলিতে বড় আকারের অনুপ্রবেশের ফলে দখলদারি বাড়ছে। জনবিন্যাস পরিবর্তনের পাশাপাশি সে অঞ্চলের সংস্কৃতিও ধ্বংসের মুখে। পশ্চিমবঙ্গে

ক্ষমতায় এলে অনুপ্রবেশকারীদের বের করে দেওয়াই, বিজেপি সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার বলে তিনি মন্তব্য করেন।

( বাইট- অমিত শাহ )

***************************

বর্ষীয়ান বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দলের ‘পরিবর্তন যাত্রা’র সূচনা করতে আগামী পয়লা মার্চ রাজ্যে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে, ঐ দিন রাতেই তিনি কলকাতা বিমানবন্দরে এসে পৌঁছবেন। পরের দিন সকালে বিমানবন্দর থেকে দক্ষিণ চব্বিশ পরগনার রায়দিঘির উদ্দেশ্যে রওনা দেবেন। দুপুরে সেখানে পৌঁছে দলের ‘পরিবর্তন যাত্রা’ সভায় বক্তব্য রাখবেন শ্রী শাহ।

***************************

বেলডাঙায় অশান্তির ঘটনায় NIA তদন্তে স্থগিতাদেশ দিলনা কলকাতা হাইকোর্ট। পাশাপাশি নিম্ন আদালতে এই মামলার যে বিচার চলছে তার উপর স্থগিতাদেশ চেয়ে রাজ্যের করা আবেদনও খারিজ করে দিয়েছে হাইকোর্ট। বেলডাঙ্গার ঘটনায় নিম্ন আদালত, NIA-এর হাতে কেস ডায়েরি হস্তান্তরের নির্দেশ দিয়েছিল রাজ্য পুলিশকে। সেই রায়কেই চ্যালেঞ্জ জানিয়ে প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চে আবেদন জানায় রাজ্য। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ এক নির্দেশে জানিয়েছেন, সুপ্রিম কোর্টের নির্দেশ মত NIA ঘটনার তদন্ত করে ২৪শে মার্চ রিপোর্ট দেবে কলকাতা হাইকোর্টে।

***************************

সুপ্রিম কোর্টের নির্দেশ সত্ত্বেও বকেয়া ডিএ, রাজ্য সরকার মেটাচ্ছে না – এই অভিযোগ তুলে সরকারী কর্মচারীদের একাধিক সংগঠন আগামী ১৩-ই মার্চ রাজ্যজুড়ে ধর্মঘটের ডাক দিয়েছে। গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে কর্মচারী প্রতিনিধিদের তরফে ভাস্কর ঘোষ রাজ্য সরকারের বিরুদ্ধে বড়সড় আন্দোলনের হুঁশিয়ারী দিয়েছেন।

( বাইট- ভাস্কর ঘোষ )

সংগ্রামী যৌথ মঞ্চ সহ একাধিক সংগঠন গতকাল কলকাতায় ‘কালীঘাট চলো’ কর্মসূচী গ্রহণ করে।

***************************

স্কুল শিক্ষা ব্যবস্থাকে উন্নতমানের করে তুলতে জেলায় জেলায় ৪৩০ টি দ্বিভাষিক মডেল স্কুল তৈরি করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে গতকাল এ বিষয়ে আড়াই হাজার কোটি টাকার প্রকল্প গৃহীত হয়েছে। বৈঠকের পর শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানান, ওই প্রকল্পের আওতায় এশীয় উন্নয়ন ব্যাঙ্ক ADB-র আর্থিক সহায়তায় আগামী পাঁচ বছরে ৪৩০টি মডেল স্কুল গড়ে তোলা হবে। প্রতিটি ব্লকে একটি করে এবং ৮৭টি অনগ্রসর ব্লকে দুটি করে স্কুল স্থাপন করা হবে। সব স্কুলে বাংলা ও ইংরেজি দুই মাধ্যমেই পড়াশোনার সুযোগ থাকবে। এগুলির উপর নজরদারি ও মূল্যায়নের পৃথক ব্যবস্থা গড়ে তোলা হবে। এজন্য বড় সংখ্যায় শিক্ষক নিয়োগের কথাও জানানো হয়েছে।

***************************

নিউটাউনে গৌরাঙ্গ নগরে গতরাতে অগ্নিকান্ডে বেশ কয়েকটি অস্থায়ী দোকান ভস্মীভূত হয়েছে। রাত প্রায় একটা নাগাদ আগুন লাগে। দমকলের তিনটি ইঞ্জিন সেখানে যায়। ১২টি দোকান পুড়ে গেছে বলে খবর। হতাহতের কোনো খবর নেই।

***************************

মার্চ মাসের প্রথম থেকেই রাজ্যে প্রায় সর্বত্র তাপমাত্রা দুই থেকে চার ডিগ্রি বাড়তে চলেছে। তবে আপাতত দু'দিন তাপমাত্রার বিশেষ হেরফের হবে না। আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৮ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ১ দশমিক ৮ ডিগ্রি কম।

***************************

ইন্ডিয়ান সুপার লিগ ফুটবলে ইস্টবেঙ্গল আজ জামশেদপুর এফসি-র মুখোমুখি হবে। সল্টলেক যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

ইস্টবেঙ্গল এবং জামশেদপুর উভয়েই দুই ম্যাচে ছয় পয়েন্ট পেয়েছে। তবে গোল পার্থক্যে এগিয়ে থাকায় ইস্টবেঙ্গল পয়েন্ট তালিকার দ্বিতীয় স্থানে রয়েছে। জামশেদপুর রয়েছে ষষ্ঠ স্থানে। তিন ম্যাচে সাত পয়েন্ট নিয়ে গোয়া পয়েন্ট তালিকার প্রথম স্থানে রয়েছে।

*************************************************************************